অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
হাসপাতাল-৪ অধিশাখা

নং-৪৫.১৫৭.১৪৯.০০.০০.০০২.২০১৬-১৩৮

তারিখঃ ১১-০৪-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ২০১৭ সালের হজ্জ মেডিকেল টীম গঠন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০১৭ সালের মেডিকেল টীম গঠনের নিমিত্ত হজ্জ মেডিকেল টীমে অন্তর্ভুক্তির জন্য একটি প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। উক্ত তালিকায় অন্তর্ভুক্তির জন্য ১০০ জন নার্স/ব্রাদার এর নামের তালিকা (বায়োডাটা, হার্ডকপি ও সফট কপিসহ) আগামী ১৮-০৪-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উক্ত তারিখের পর কোন তালিকা পাওয়া গেলে তা বিবেচনা করা হবে না। উক্ত তালিকা প্রেরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি/নির্দেশনা পালনীয়-

(ক) হজ্জ মেডিকেল টীমের সদস্যদের সার্বক্ষনিকভাবে কাজ করার মানসিকতা থাকতে হবে এবং শারীরিকভাবে সুস্থ ও সামর্থ্যবান হতে হবে।

(খ) নার্স/ব্রাদার এর নামের তালিকা জ্যেষ্ঠতা অনুযায়ী প্রেরণ করতে হবে।

(গ) হজ্জ মেডিকেল টীমের গঠনের জন্য মনোনীত তালিকায় ন্যূনতম ৩ জন নার্স/ব্রাদার প্রেরন করতে হবে যাঁরা ইতোপূর্বে হজ্জ চিকিৎসক দলে কাজ করেছেন এবং মনোনয়ন পেলে এ বছর হজ্জের সময় চিকিৎসা কেন্দ্রে অবস্থান করে হজ্জের দিনগুলোতে হজ্জ যাত্রীদের চিকিৎসা সেবা প্রদান করবেন এবং কোন ক্রমেই হজ্জ পালনের উদ্দেশ্যে মিনা, আরাফা, মুজদালিফায় গমন করবেন না।

(ঘ) হজ্জ মেডিকেল টীমের কোন সদস্য তার তাঁর দায়িত্ব পালনকালে কোনভাবেই স্বামী/স্ত্রী/সন্তান/আত্মীয়কে সংগে নিতে ও রাখতে পারবেন না।

(ঙ) মেডিকেল টীমের সদস্যদের অনুসরণীয় ম্যানুয়াল এর নির্দেশনা মেনে চলতে হবে।

২। উল্লেখ্য যে এ তালিকায় অন্তর্ভুক্তি কর্মকর্তা/কর্মচারিকে চূড়ান্ত অনুমোদন প্রদানের কোন নিশ্চয়তা প্রদান করে না।

১১.৪.২০১৭
(মোহাম্মদ এনামুল হক এনা)
যুগ্মসচিব
ফোন-৯৫৬৭৬০০

মহা-পরিচালক,
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন),
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর,ঢাকা- ১২০৭।
www.dgnm.gov.bd

০৬ বৈশাখ/১৪২৪বঙ্গাব্দ।

স্মারক নং- ডিজিএনএম/শা-১/২এন-১০৭/২০০৮/2226(500)

তারিখঃ-১৬ এপ্রিল /২০১৭খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল,..................................................
০২। পরিচালক (বিশেষায়িত হাসপাতাল),........................................................
০৩। সিভিল সার্জন (সকল),..........................................................................
০৪। সহকারী পরিচালক / তত্ত্বাবধায়ক,২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল / সদর হাসপাতাল,...................
০৫। অধ্যক্ষ, নার্সিং কলেজ / নার্সিং ইনষ্টিটিউট,..................................................
০৬। সহকারী পরিচালক ( নার্সিং),পরিচালক(স্বাস্থ্য) এর কার্যালয়,......................বিভাগ............................
০৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,..............................................
০৮। সেবা তত্ত্বাবধায়ক/ সেবা-উপ তত্ত্বাবধায়ক,..................................................
১০। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস,...........................................
১১। নার্সিং ইনষ্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনষ্টিটিউট,..................................................
১২। পরিসংখ্যানবিদ/পিএমআইএস শাখা,অত্র অধিদপ্তর। অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতায় ২০১৭ সালের হজ্জ মেডিকেল টীম গঠনের তালিকায় অন্তর্ভুক্তির নিমিত্ত ১১/০৪/২০১৭ খ্রিঃ তারিখের ৪৫.১৫৭.১৪৯.০০.০০.০০২.২০১৬-১৩৮ সংখ্যক স্মারকে চাহিত শর্তাদি/নির্দেশনা মোতাবেক আগামী ১৭/০৪/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সেবক/সেবিকাদের আবেদন প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।

১৬/৪/১৭

নাছিমা পারভীন
পরিচালক(ভারপ্রাপ্ত)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,ঢাকা।
Info@dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৭৬২